**বিশেষ অনুশীলন- ২**

**দশম শ্রেণি** **বিষয় কোড- ১৫২**

**ফিন্যান্স ও ব্যাংকিং**

**মোট সময়: ১ ঘন্টা ১৫ মিনিট** **পূর্ণমান: ৫০**

**(বি:দ্র: সৃজনশীল ও বহুনির্বাচনি অংশের সকল প্রশ্নের উত্তর দিতে হবে)**

**বহুনির্বাচনি অংশ (সময়: ৩০ মিনিট)**

১। বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংক কী দ্বারা নিয়ন্ত্রিত হয়?
(ক) পরিচালনা পর্ষদ (খ) ব্যবস্থাপনা কমিটি (গ) মন্ত্রি পরিষদ কমিটি (ঘ) সরকারের বিশেষ কমিটি

২। জনাব করিমের পাওনাদার জনাব রহিমের ব্যাংককে যাবতীয় হিসাব তথ্য তার (করিমের) নিকট প্রকাশ করতে বলে। ব্যাংক এক্ষেত্রে কী করবে?
(ক) প্রকাশ করবে (খ) ব্যাংক ম্যানেজারের অনুমতিতে প্রকাশ করবে
(গ) গোপন রাখবে (ঘ) উপযুক্ত প্রমাণপত্র সাপেক্ষে প্রকাশ করবে

৩। কোন কার্ডে গ্রাহককে সুদসহ ঋণ পরিশোধ করতে হয়?
(ক) ডেবিট কার্ড (খ) ক্রেডিট কার্ড (গ) এটিএম কার্ড (ঘ) মোবাইল কার্ড

নিচের অনুচ্ছেদটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও

'ক' ব্যাংক দেশের জনগণের কাছ থেকে আমানত সংগ্রহ করে এবং জনগণকে ঋণ প্রদান করে। কিন্তু দেশের সরকার ব্যাংকটিকে দেশের নোট ও মুদ্রা ইস্যু করার একক দায়িত্ব প্রদান করে। সরকারের কাজ, আমানত সংগ্রহের কাজ এবং ঋণদানের কাজগুলো একই সাথে করা 'ক' ব্যাংকের পক্ষে অত্যন্ত কঠিন বিধায় ব্যাংকটি প্রথম দিকের কাজ দুটি (আমানত সংগ্রহ ও ঋণদান) ছেড়ে দিলো।

৪। 'ক' ব্যাংকটির ধরণ পরিবর্তিত হয়ে কোন ব্যাংকে রূপান্তরিত হয়েছে?
(ক) সরকারি ব্যাংক (খ) বেসরকারি ব্যাংক (গ) বিশেষায়িত ব্যাংক (ঘ) কেন্দ্রীয় ব্যাংক

৫। বর্তমানে 'ক' ব্যাংকের প্রধান উদ্দেশ্য কী?
(ক) মুনাফা অর্জন (খ) জনকল্যাণ (গ) সমাজকল্যাণ (ঘ) বিশ্বের কল্যাণ

৬। লেনদেনের সুবিধার জন্য গ্রাহক ব্যাংকের কোন বিষয় বেশি গুরুত্ব দিয়ে থাকে?
(ক) ব্যাংকারের দক্ষতা (খ) ব্যাংকের অবস্থান (গ) ব্যাংকের মুনাফা (ঘ) ব্যাংকের বিজ্ঞাপন

৭। ব্যাংক ও গ্রাহকের সম্পর্ক অবসান হয়-
i. গ্রাহককে দেউলিয়া ঘোষণা করা হলে
ii. গ্রাহক অল্প টাকার লেনদেন করলে
iii. গারনিশি অর্ডার জারি করা হলে
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) i ও ii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

৮। নিকাশঘর কী?
(ক) আন্ত:ব্যাংকিং দেনা-পাওনার নিস্পত্তির কক্ষ (খ) আন্ত:ব্যাংকিং দেনা-পাওনার উৎপত্তির কক্ষ
(গ) বাণিজ্যিক ব্যাংকের নিয়ন্ত্রণ কক্ষ (ঘ) দেশের অর্থনীতি নিয়ন্ত্রণের কক্ষ

৯। ব্যাংক যে হিসাবের বিপরীতে সুদ দেয়-
i. চলতি ii. সঞ্চয়ী iii. স্থায়ী
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১০। একটি দেশের কেন্দ্রীয় ব্যাংকের জন্য বৈদেশিক মুদ্রার উপর নিয়ন্ত্রণ গুরুত্বপূর্ণ কেন?
(ক) দেশের ব্যবসায়িক অবস্থা নিয়ন্ত্রণ জন্য (খ) বিনিয়োগ ব্যাংকসমূহকে দেশের অর্থনীতির অনুকূলে রাখার জন্য
(গ) দেশের অভ্যন্তরীণ বাণিজ্যে সফলতার জন্য (ঘ) আমদানি-রপ্তানিকে দেশের অর্থনীতির অনুকূলে রাখার জন্য

১১। ব্যাংক তার মক্কেলের সুদ কীভাবে তার হিসাবে জমা করে?
(ক) আঞ্চলিক শাখার সাহায্যে (খ) প্রধান শাখার সাহায্যে (গ) স্বয়ংক্রিয়ভাবে (ঘ) কেন্দ্রীয় ব্যাংকের সাহায্যে

১২। একটি নির্দিষ্ট মেয়াদের জন্য যে হিসাব খোলা হয়, তা হলো-
(ক) চলতি হিসাব (খ) সঞ্চয়ী হিসাব (গ) স্থায়ী হিসাব (ঘ) বৈদেশিক বিনিময় হিসাব

নিচের উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও

জনাব জাবির ভুয়া কাগজপত্র দিয়ে 'A' ব্যাংক থেকে ১২ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেন। পরবর্তীতে ব্যাংক উক্ত প্রতারণার তথ্য জানতে পারে এবং জাবিরের সাথে সম্পর্কের অবসান ঘটানোর সিদ্ধান্ত নেয়।

১৩। ঋণদানের মাধ্যমে এখানে ‘A’ ব্যাংক-
(ক) ডেটর (খ) ক্রেডিটর (গ) গ্রাহকের অছি (ঘ) মক্কেল
১৪। কীসের ভিত্তিতে ‘A’ ব্যাংক জাবিরের সাথে সম্পর্ক ছিন্ন করার সিদ্ধান্ত নেয়?
(ক) আদালতের আদেশে (খ) কেন্দ্রিয় ব্যাংকের নির্দেশে
(গ) ব্যাংকের নিজস্ব সিদ্ধান্তে (ঘ) মক্কেলের সিদ্ধান্তের ভিত্তিতে
১৫। কত শতাব্দীতে মুদ্রা বাজার নিয়ন্ত্রণের প্রয়োজনীয়তা দেখা দেয়?
(ক) সপ্তদশ (খ) অষ্টাদশ (গ) উনবিংশ (ঘ) একবিংশ
১৬। আমানত হিসেবে গৃহীত কোন হিসাবের টাকা ব্যাংক বিনিয়োগ করতে পারে না?
(ক) চলতি (খ) সঞ্চয়ী (গ) স্থায়ী (ঘ) ডিপিএস
১৭। কোম্পানির ব্যাংক হিসাব বন্ধ করার ক্ষেত্রে প্রয়োজন হয়-
(ক) চুক্তিপত্র (খ) উপবিধি (গ) স্মারকলিপি (ঘ) অনুমোদিত সভার অনুরোধপত্র
১৮। কেন্দ্রীয় ব্যাংক সরকারের পক্ষ হয়ে সম্পর্ক স্থাপন করে-
i. বিভিন্ন দেশের দূতাবাসের সাথে ii. বিভিন্ন দেশের কেন্দ্রীয় ব্যাংকের সাথে iii. আন্তর্জাতিক অর্থনৈতিক সংস্থার সাথে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii
১৯। ব্যাংকের কোন সেবাটি আধুনিক ব্যাংক ব্যবসায়ের পরিচয় বহন করে?
(ক) দাগকাটা চেক (খ) স্কুল ব্যাংকিং (গ) অধিক সংখ্যক শাখা (ঘ) মোবাইল ব্যাংকিং
২০। গ্রাহকের প্রতি ব্যাংকর দায়িত্ব হলো-
(ক) সততার পরিচয় (খ) নির্দেশ প্রদান (গ) ঋণ পরিশোধ (ঘ) হিসাবের গোপনীয়তা
২১। কেন্দ্রীয় ব্যাংক সৃষ্টির পর থেকেই পালন করে আসছে-
i. মুদ্রা প্রচলন ii. মূলধন গঠন iii. ঋণ নিয়ন্ত্রণ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii
২২। কোন পরিস্থিতিতে ব্যাংক নিজেই গ্রাহকের সাথে সম্পর্কের অবসান ঘটাতে পারে?
(ক) গ্রাহক সততার নীতি মেনে না চললে (খ) হিসাবের পূর্ণ জের স্থানান্তর করলে
(গ) গারনিশি অর্ডার জারি করলে (ঘ) ভুল বোঝাবুঝির কারণে
নিচের উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও
জনাব আশফাক তার ব্যবসায়িক প্রয়োজনে রূপালী ব্যাংকে একটি ব্যাংক হিসাব খুলেছেন। এ হিসাব খোলার মধ্য দিয়ে জনাব আশফাকের যেমন কিছু অধিকার সৃষ্টি হয়েছে তেমনি ব্যাংকের প্রতি তার কিছু দায়িত্বও সৃষ্টি হয়েছে।
২৩। হিসাব খোলার মাধ্যমে আইনগতভাবে জনাব আশফাকের সাথে ব্যাংকের কীরূপ সম্পর্ক সৃষ্টি হয়েছে?
(ক) ব্যবসায়িক (খ) ডেটর-ক্রেডিটর (গ) বন্ধকদাতা ও বন্ধকগ্রহীতা (ঘ) চুক্তিবদ্ধ
২৪। জনাব আশফাক দায়িত্ব পালন করতে পারেন-
i. সততার পরিচয় দিয়ে ii. সুদ ছাড়া আসল পরিশোধ করে iii. সময়মতো ঋণ পরিশোধ করে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii
২৫। কোন ব্যাংক সকল ব্যাংকের পথ প্রদর্শক?
(ক) একক ব্যাংক (খ) শাখা ব্যাংক (গ) কেন্দ্রীয় ব্যাংক (ঘ) বাণিজ্যিক ব্যাংক
২৬। দেনা-পাওনা নিষ্পত্তির মাধ্যম হিসেবে ব্যবহৃত হয়-
i. চেক ii. বিনিময় বিল iii. এটিএম কার্ড
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii
২৭। ব্যাংক হিসাব খোলার বিবেচ্য বিষয় কয়টি?
(ক) ৭টি (খ) ৯টি (গ) ১১টি (ঘ) ১৩টি
২৮। কার নির্দেশে ব্যাংক তার আমানতকারীর অর্থ ব্যবহার করার অধিকার পায়?
(ক) আদালতের নির্দেশে (খ) আমানতকারীর নির্দেশে
(গ) বাংলাদেশের ব্যাংকের নির্দেশে (ঘ) পাওনাদারের নির্দেশে
২৯। কেন্দ্রীয় ব্যাংক যে কৌশল প্রয়োগ করে বাজারে অর্থের পরিমাণ কাম্যস্তরে রাখে তাকে বলে-
(ক) বাজার কৌশল (খ) আর্থিক কৌশল (গ) ঋণ নিয়ন্ত্রণ কৌশল (ঘ) মুদ্রাস্ফীতির কৌশল
৩০। কোন ধরনের ব্যাংক হিসাবে জমাতিরিক্ত টাকা উত্তোলন করা যায়?
(ক) চলতি (খ) সঞ্চয়ী (গ) বিমা সঞ্চয়ী (ঘ) স্থায়ী

## সৃজনশীল অংশ (সময়: ৪৫ মিনিট)

১। জনাব আতিকের 'আধুনিক ব্যাংক' এর ব্যাংক হিসাবের তথ্যাদি নিম্নরূপঃ

| শাখার নাম | জমা টাকা | মুনাফা | উত্তোলন |
|---|---|---|---|
| ধানমন্ডি | ৩,০০,০০০ | ১৬,০০০ | ৬০,০০০ |
| শাহবাগ | ৭,০০,০০০ | - | ৯,০০,০০০ |
| আজিমপুর | ৬,০০,০০০ | ৬০,০০০ | - |

**(ক)** কেন্দ্রীয় ব্যাংক কোন ব্যাংকের কার্যাবলি নিয়ন্ত্রণ করে? ১

**(খ)** কেন্দ্রীয় ব্যাংককে অন্যান্য তালিকাভুক্ত ব্যাংকসমূহের ব্যাংকার বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

**(গ)** জনাব আতিক ধানমন্ডি শাখায় কোন ধরনের হিসাব খুলেছেন? বর্ণনা কর। ৩

**(ঘ)** জনাব আতিক শাহবাগ শাখা থেকে কোন ধরনের ঋণ গ্রহণ করেছেন বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

২। চট্টগ্রামের ব্যবসায়ী জনাব তাকবির তার ব্যবসায়িক লেনদেনে এমন ধরনের চেক ব্যবহার করেন যাতে যে কেউ চেকের টাকা ভাঙ্গাতে পারে। তিনি চার লক্ষ টাকার একটি চেকে স্বাক্ষর প্রদান করে তার অফিসের একজন কর্মচারির নিকট রাখলেন। অফিসের কর্মচারি চেকের টাকা উত্তোলন করে পালিয়ে গেলেন। অপ্রত্যাশিত এই ঘটনার পূণরাবৃত্তি যেনা না ঘটতে পারে সেজন্য তিনি তার ব্যবসায়িক লেনদেনে বিশেষ ধরনের চেক ব্যবহার করার সিদ্ধান্ত নিয়েছেন।

**(ক)** বাংলাদেশ ব্যাংক রাষ্ট্রপতির কত নং আদেশে প্রতিষ্ঠিত হয়? ১

**(খ)** বাণিজ্যিক ব্যাংকগুলো কোথায় বাধ্যতামূলক তহবিল জমা রাখে? ব্যাখ্যা কর। ২

**(গ)** উদ্দীপকে উল্লিখিত জনাব তাকবিরের কর্মচারি কেন চেকের টাকা আত্নসাৎ করার সুযোগ পেল? বর্ণনা কর। ৩

**(ঘ)** উদ্দীপকে বর্ণিত পরিস্থিতিতে জনাব তাকবিরের বিশেষ ধরনের চেক ব্যবহারের সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪